দৈনিক
ইত্তেফাক

৭

তারিখ .. 24 AUG 1996.
পৃষ্ঠা ৪ কলাম ৫ ---

# বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা প্রসারে পদক্ষেপ নেয়া হইয়াছে

—শিক্ষামন্ত্রী

যশোর অফিস ।। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক দেশে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন এবং মানব সম্পদকে দক্ষ করিয়া গড়িয়া তোলার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। গত বৃহস্পতিবার যশোর শিক্ষাবোর্ড ভবনে আয়োজিত এক সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার মানব সম্পদ উন্নয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তিগত শিক্ষা প্রসারের অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য ইতিমধ্যে কতিপয় পদক্ষেপ গ্রহণ করিয়াছে।

বোর্ডের চেয়ারম্যান প্রফেসর শাহজাহান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আলী রেজা রাজু এমপি, নাজিমুদ্দিন, মুজিবুল হক, আতিয়ার রহমান প্রমুখ বক্তৃতা করেন।